



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট



১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.১৮৩.২২.২০৭২

তারিখ : ২৭ ভাদ্র ১৪২৯
০২ সেপ্টেম্বর ২০২২

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

Professional Video Editing Techniques পাঠ্যধারা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২৫ সেপ্টেম্বর থেকে ২০ অক্টোবর ২০২২ খ্রি. মেয়াদে ০৪ (চার) সপ্তাহব্যাপী Professional Video Editing Techniques পাঠ্যধারার আয়োজন করছে।


Professional Video Editing Techniques পাঠ্যধারায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের ন্যূনতম স্নাতক পাশ হতে হবে। তবে উপযুক্ত প্রার্থী পাওয়া গেলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আবেদনপত্র আগামী ০৪ থেকে ২০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত দপ্তর চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর পাসপোর্ট আকারের দুই কপি রজিন সত্যায়িত ছবি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি পেশ করতে হবে। ইনস্টিটিউটের ওয়েব সাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে আবেদন করা যাবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২০ সেপ্টেম্বর ২০২২ খ্রি. রোজ মঙ্গলবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য প্রার্থীদের আগামী ২১ সেপ্টেম্বর ২০২২ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় এ ইনস্টিটিউটে উপস্থিত থাকতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৪০০০/- (চার হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট”-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

* বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে
স্বাক্ষরিত অনুগ্রহে করা হলো,


কার্জী ওমর খৈয়াম
সহকারী প্রোগ্রামার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


(মো: মাসুদ মনোয়ার চৌধুরী)
পাঠ্যধারা পরিচালক
ফোন: ৫৫০৭৯৪৩৫